

রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৮২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭৭]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২১: নেকী ও সংযমশীলতার কাজে পারস্পরিক সহযোগিতার গুরুত্ব

(21) _ باب التعاون على البر والتقوى

আরবী

وَعَنْ أَبِي عَبدِ الرَّحمَانِ زَيدِ بنِ خَالِدٍ الجُهنِي رضي الله عنه، قَالَ: قَالَ رَسولُ الله صلى الله عليه وسلم: «مَنْ جَهَّزَ غَازِياً في سَبيلِ اللهِ فَقَدْ غَزَا، وَمَنْ خَلَفَ غَازِياً في أَهْلِهِ بِخَيرٍ فَقَدْ غَزَا». مُتَّفَقٌ عَلَيهِ

বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

﴿ وَتَعَاوَنُوا عَلَى ٱلآبِرِّ وَٱلتَّقاوَىٰ ﴾ [المائدة: ٢]

অর্থাৎ "সৎকাজ ও আত্মসংযমে তোমরা পরস্পর সহযোগিতা কর।" (সূরা মায়েদাহ ২ আয়াত)

তিনি আরো বলেন,

﴿ وَٱلسَّعَصِ لِهِ إِنَّ ٱلسَّإِنسُنَ لَفِي خُسسَرٍ ٢ إِلَّا ٱلَّذِينَ ءَامَنُواْ وَعَمِلُواْ ٱلصِّلِحُتِ وَتَوَاصِوااْ بِٱلسَّحَقِّ وَتَوَاصِوااْ بِٱلسَّحَقِّ وَتَوَاصِوااْ بِٱلسَّحَةِ وَتَوَاصِوااْ بِالسَّعَادِ ٢ ﴾ [العصر: ١، ٣]

অর্থাৎ "সময়ের শপথ!। মানুষ অবশ্যই ক্ষতিগ্রস্ত। কিন্তু তারা নয়, যারা ঈমান আনে ও সৎকর্ম করে এবং পরস্পরকে সত্যের উপদেশ দেয়। আর উপদেশ দেয় ধৈর্য ধারণের।" (সূরা আসর)

ইমাম শাফেয়ী রাহিমাহুল্লাহ বলেন, লোকেরা অথবা তাদের অধিকাংশই এই সূরা নিয়ে চিন্তা-ভাবনা করার ব্যাপারে উদাসীন। (তফসীর ইবনু কাসীর)

১/১৮২। আবূ আব্দুর রাহমান যায়দ ইবনু খালিদ জুহানী রাদিয়াল্লাহু 'আনহু বলেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে ব্যক্তি সরঞ্জাম দিয়ে আল্লাহর পথে কোন মুজাহিদ প্রস্তুত করে দিল, নিঃসন্দেহে



সে ব্যক্তি স্বয়ং জিহাদ করল। আর যে ব্যক্তি কোন মুজাহিদের পরিবারে উত্তমরূপে প্রতিনিধিত্ব করল, নিঃসন্দেহে সেও জিহাদ করল।" (অর্থাৎ সেও জিহাদের নেকী পাবে।)[1]

English

(21) Chapter: Assistance towards righteousness and piety

Khalid Al-Juhani (May Allah be pleased with him) reported:

The Prophet () said, "He who equips a warrior in the way of Allah (will get the reward of the one who has actually gone for Jihad); and he who looks after the family of a warrior in the way of Allah will get the reward of the one who has gone for Jihad".

[Al- Bukhari and Muslim].

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৮৪৩, মুসলিম ১৮৯৫, তিরমিয়ী ১৬২৮, ১৬২৯, ১৬৩১, আবূ দাউদ ২৫০৯, ইবনু মাজাহ ২৭৫৯, আহমাদ ১৬৫৮২, ১৬৫৯১, ১৬৫৯৬, ১৬৬০৮. ২১১৬৮, ২১১৭৩, নাসায়ী ৩১৮০. ৩১৮১, দারেমী ২৪১৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন